

বিজ্ঞপ্তি

স্মারক নং-৮০.১১১.০১১.০১.০০.২০১০(অংশ-১)/ ১১০

তারিখ : ১৭ অক্টোবর ২০১৭

বিষয় : মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়ের অধীন মহিলা বিষয়ক অধিদপ্তরের “উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা” (মুক্তিযোদ্ধা কোটায় সংরক্ষিত) (১০ম গ্রেড) এর শূন্য পদে সরাসরি নিয়োগের প্রার্থীদের লিখিত পরীক্ষা অনুষ্ঠান সংক্রান্ত।

সংশ্লিষ্ট সকলকে জানানো যাচ্ছে যে, মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়ের অধীন মহিলা বিষয়ক অধিদপ্তরের “উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা” (মুক্তিযোদ্ধা কোটায় সংরক্ষিত) (১০ম গ্রেড) এর শূন্য পদে সরাসরি নিয়োগের জন্য ৩০ জুলাই ২০১৭ তারিখে ৬৩ নং নিয়োগ বিজ্ঞপ্তি অনলাইনে জারি করা হয়। এ পদে অনলাইনে রেজিস্ট্রেশনকৃত প্রার্থীদের ২০০ নম্বরের লিখিত পরীক্ষা নিম্নলিখিত কেন্দ্রে নিম্নোক্ত তারিখ ও সময়ে অনুষ্ঠিত হবে :

লিখিত পরীক্ষার কেন্দ্র/স্থান : শেরেবাংলা নগর সরকারি বালিকা উচ্চ বিদ্যালয়, শেরেবাংলা নগর, ঢাকা-১২০৭।
লিখিত পরীক্ষার তারিখ ও সময় : ২৯ অক্টোবর ২০১৭ রবিবার দুপুর ১ঃ০০ টা হতে বিকাল ৪ঃ০০ টা পর্যন্ত।

লিখিত পরীক্ষা সম্পর্কিত গুরুত্বপূর্ণ নির্দেশাবলী :-

- প্রার্থীদের নামে নতুন করে ডাকযোগে কোনো প্রবেশপত্র প্রেরণ করা হবে না। অনলাইনে রেজিস্ট্রেশনকালে ডাউনলোডকৃত প্রবেশপত্র নিয়ে লিখিত পরীক্ষায় অংশগ্রহণ করবেন। প্রবেশ পত্র হারিয়ে গেলে/নষ্ট হলে কমিশনের www.bpsc.gov.bd এবং টেলিটক বাংলাদেশ লিঃ এর <http://bpsc.teletalk.com.bd> ওয়েব সাইট থেকে প্রবেশপত্র ডাউনলোড করা যাবে। প্রবেশপত্র ব্যতীত কোনো প্রার্থীকে লিখিত পরীক্ষায় অংশগ্রহণের সুযোগ দেয়া হবে না।
- পরীক্ষার নির্ধারিত সময়ের অন্ততঃ ১৫ মিনিট পূর্বে আসন গ্রহণ করতে হবে। পরীক্ষা শুরু হবার ১৫ মিনিট পর কোন পরীক্ষার্থীকে পরীক্ষা কক্ষে প্রবেশ করতে দেয়া হবে না। পরীক্ষা শুরু হওয়ার ২(দুই) ঘণ্টার মধ্যে কোন পরীক্ষার্থীর পরীক্ষা কক্ষ ত্যাগ করা যাবে না।
- প্রার্থীদেরকে বাংলা-৫০, ইংরেজি-৫০, সাধারণ জ্ঞান-৪০, প্রাসঙ্গিক টেকনিক্যাল-৬০সহ মোট ২০০ নম্বরের লিখিত পরীক্ষায় অংশগ্রহণ করতে হবে। প্রার্থীকে একই সাথে ৪টি বিষয়ের জন্য ৪টি উত্তরপত্র প্রদান করা হবে। বাংলা, ইংরেজি, সাধারণ জ্ঞান, প্রাসঙ্গিক টেকনিক্যাল বিষয়াদির জন্য ভিন্ন ভিন্ন উত্তরপত্র ব্যবহার করবেন। একই উত্তরপত্রে একাধিক বিষয়ের উত্তর প্রদান করলে উত্তরপত্র বাতিল হবে। উত্তরপত্রে বিষয়ের কোড ভুল লিখলে বা পূরণ করলে বা এক বিষয়ের উত্তরপত্রে অন্য বিষয়ের উত্তর প্রদান করলে উত্তরপত্র বাতিল হবে।
- প্রার্থীকে কালো কালির কলম বা বল পয়েন্ট কলম সাথে আনতে হবে। পরীক্ষা কেন্দ্রে ব্যাগ, বইপত্র, মোবাইল ফোন, ইলেকট্রনিক ডিভাইস, কোনো ধরনের ঘড়ি আনা এবং কোনো প্রকার যোগাযোগ যন্ত্র বহন করা সম্পূর্ণ নিষিদ্ধ। পরীক্ষা হলে এবং গেটে মোবাইল ফোন বা কোনো ধরনের যোগাযোগ যন্ত্রের জন্য বিশেষ তত্ত্বাবধি অভিযান পরিচালনা করা হবে। পরীক্ষা চলাকালে পরীক্ষা কক্ষে কোনো প্রার্থীর সাথে মোবাইল বা এ জাতীয় কোনো যোগাযোগ যন্ত্র পাওয়া গেলে তার প্রার্থিতা বাতিল করা হবে এবং কমিশন কর্তৃক গৃহীত যে কোনো নিয়োগ পরীক্ষার জন্য তাকে অযোগ্য ঘোষণা করা হবে।
- পরীক্ষায় সাধারণ ক্যালকুলেটর ব্যবহার করা যাবে। সাইন্টিফিক ক্যালকুলেটর বা এ জাতীয় কোন যন্ত্র ব্যবহার করা যাবে না।
- হাজিরা তালিকা, উত্তরপত্র এবং অন্যান্য কাগজপত্রে পরীক্ষার্থীর স্বাক্ষর একই রকম হওয়া বাঞ্ছনীয়।
- পরীক্ষা কেন্দ্রে কোনো প্রকার অসাধু পস্থা অবলম্বন এবং অশোভন আচরণের অভিযোগে সংশ্লিষ্ট প্রার্থীর বিরুদ্ধে যে কোনো প্রকার শাস্তিমূলক ব্যবস্থা গ্রহণের ক্ষমতা কমিশন সংরক্ষণ করে। পরীক্ষা শেষ হওয়ার পর পরিদর্শকগণ উত্তরপত্র সংগ্রহ না করা পর্যন্ত পরীক্ষার্থীগণ নিজ নিজ আসনে অবস্থান করবেন। পরিদর্শকগণ বিষয়ভিত্তিক উত্তরপত্র গণনা করে বুকে নেয়ার পর পরীক্ষার্থীগণ কক্ষ ত্যাগ করবেন।
- কোনো প্রার্থীর ক্ষেত্রে সংশ্লিষ্ট নিয়োগ বিজ্ঞপ্তিতে বর্ণিত কোনো শর্তের গুরুতর(Substantive) লংঘন দেখা গেলে মৌখিক পরীক্ষার পূর্বে বা পরে যে কোনো পর্যায়ে উক্ত প্রার্থীর প্রার্থিতা বাতিল বলে গণ্য হবে।
- লিখিত পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থীদেরকে মৌখিক পরীক্ষায় অংশ গ্রহণ করতে হবে।
- এ বিজ্ঞপ্তি কমিশনের (www.bpsc.gov.bd) ওয়েব সাইটে এবং কমিশনের নোটিশ বোর্ডে পাওয়া যাবে।

- * পড়াশোনা এবং জ্ঞানার্জনের মাধ্যমে ভালভাবে প্রস্তুতি নিয়ে পরীক্ষায় অংশগ্রহণ করুন ;
- * চাকুরির ক্ষেত্রে কোনোরূপ তদবির প্রার্থীর অযোগ্যতা হিসেবে বিবেচিত হবে

(শেখ শাখাওয়ার হোসেন)
পরীক্ষা নিয়ন্ত্রক (নন-ক্যাডার)
(যুগ্ম-সচিব)